দিল্লিতে ককরোচ জনতা পার্টির প্রতিষ্ঠাতা অভিজিৎ দিপকে আটক



ককরোচ জনতা পার্টির প্রতিষ্ঠাতা অভিজিৎ দিপকে। ছবি: সংগৃহীত

ককরোচ জনতা পার্টির প্রতিষ্ঠাতা অভিজিৎ দিপকে-কে আটক করেছে দিল্লি পুলিশ। দলটির পূর্বঘোষিত ‘লেহরা দো তিরঙ্গা’ অনুষ্ঠানে যোগ দিতে যাওয়ার সময় শুক্রবার (১৬ অক্টোবর) কনট প্লেসের পথে তাঁকে আটক করা হয়।

ব্রিটিশ সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমস এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী, শুক্রবার বিকেল ৫টায় পতাকা উত্তোলন অনুষ্ঠানটি হওয়ার কথা ছিল। তবে বিভিন্ন বিষয় বিবেচনায় নিয়ে দিল্লি পুলিশ আগেই দিপকে-কে অনুষ্ঠানটি বাতিল করার অনুরোধ জানিয়েছিল।

প্রতিবেদনে পুলিশের বরাতে বলা হয়েছে, ভারতীয় নাগরিক নিরাপত্তা আইনের ১৬৩ ধারার নিষেধাজ্ঞার কথা উল্লেখ করে তাঁকে প্রতিরোধমূলকভাবে আটক করা হয়েছে।

LENS ASIA